



# বিকেএসপি সাপ্তাহিক তথ্য প্রবাহ (০৮/০৫/২০২৪ - ১৪/০৫/২০২৪)

## বঙ্গবন্ধু জাতীয় জুনিয়র এ্যাথলেটিক্স ও সাঁতার প্রতিযোগিতা ২০২৪

৯ মে ২০২৪, বিকেএসপিতে ক্রীড়া পরিদপ্তরের আয়োজনে বঙ্গবন্ধু জাতীয় জুনিয়র এ্যাথলেটিক্স ও সাঁতার প্রতিযোগিতা ২০২৪ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে প্রতিযোগিতার শুভ উদ্বোধন করেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (ক্রীড়া-২ অনুবিভাগ) ড. মো. আবুল হোসেন এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিকেএসপির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি।



## বিশ্ব কিডস এ্যাথলেটিক্স ডে ২০২৪ এর র্যালি

১০ মে ২০২৪, বিকেএসপিতে বাংলাদেশ এ্যাথলেটিক্স ফেডারেশন আয়োজিত বিশ্ব কিডস এ্যাথলেটিক্স ডে ২০২৪ এর র্যালি অনুষ্ঠিত হয়। বিকেএসপির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন র্যালির নেতৃত্ব দেন। বিকেএসপির বিভিন্ন ক্রীড়া বিভাগের ছেলে-মেয়েদের অংশগ্রহণে অনুষ্ঠিত র্যালিতে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ এ্যাথলেটিক্স ফেডারেশনের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট আব্দুর রকিব মন্টু, বাংলাদেশ স্পেশাল অলিম্পিকের কান্ট্রি ডাইরেক্টর মোঃ ফারুকুল ইসলাম ও বিকেএসপির পরিচালক (প্রশিক্ষণ) কর্নেল মোঃ মিজানুর রহমান।





## তৃণমূল পর্যায় থেকে ক্রীড়া প্রতিভা অন্বেষণ ও নিবিড় প্রশিক্ষণ কার্যক্রম-২০২৪

১২ মে ২০২৪, তৃণমূল পর্যায় থেকে ক্রীড়া প্রতিভা অন্বেষণ ও নিবিড় প্রশিক্ষণ কার্যক্রম-২০২৪ এর এক মাস ব্যাপী প্রশিক্ষণ ক্যাম্প ঢাকা বিকেএসপি সহ আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রসমূহে গত ১০ মে থেকে শুরু হয়েছে। প্রতিষ্ঠানের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মো: মোতাহের হোসেন ঢাকা বিকেএসপিতে চলমান প্রশিক্ষণ ক্যাম্প পরিদর্শন করেন। এসময় তাঁর সাথে ছিলেন পরিচালক (প্রশিক্ষণ) কর্নেল মো: মিজানুর রহমান। উল্লেখ্য গত ১৭ এপ্রিল থেকে ০৬ মে পর্যন্ত বিকেএসপির পরিচালনায় ৬৪ জেলা থেকে ১০০০ জন খেলোয়াড় বাছাই করা হয় এবং আগামী ৮ জুন পর্যন্ত প্রশিক্ষণ ক্যাম্পটি চলবে।



## মির্জাপুর ক্যাডেট কলেজের বিকেএসপি পরিদর্শন

১২ মে ২০২৪, দেশের ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান মির্জাপুর ক্যাডেট কলেজের ৬৩ তম ব্যাচের ৭ম শ্রেণির নবাগত ক্যাডেটদের বিকেএসপি পরিদর্শন আসলে মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মো: মোতাহের হোসেন এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। এর আগে পরিদর্শন দলটি বিকেএসপির কলেজ শাখা ও বিভিন্ন ক্রীড়া স্থাপনা ঘুরে দেখেন। নবাগত ক্যাডেটরা দেশের একমাত্র সরকারি ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম সরজমিনে দেখে অভিভূত হন।



## এসএসসি পরীক্ষায় কৃতকার্য বিকেএসপির প্রশিক্ষণার্থীদের মিষ্টিমুখ

গত ১৩ মে ২০২৪, ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় কৃতকার্য বিকেএসপির প্রশিক্ষণার্থীদের মিষ্টিমুখ করালেন কলেজের নবাগত অধ্যক্ষ লে. কর্নেল মো: ইমরান হাসান, পিএসসি। উল্লেখ্য বিকেএসপি থেকে মোট ১৬২ জন এবারের পরীক্ষায় অংশগ্রহণ করেন। এর মধ্যে ১৫২ জন উত্তীর্ণ হন। পাশের হার ৯৩.৮৩%। গ্রেডিং ভিত্তিতে ফলাফল- A+ ৪ জন, A ৬৮ জন, A- ৪৪ জন, B ২৮ জন, C ৮ জন এবং F ১০ জন। A+ ৪ জন হলেন- ক্রিকেট বিভাগের অচেনা জান্নাত ইমাতুলগা, হকি বিভাগের টু-ইন বোন হিমা দ্রি বড়ুয়ার ও নীলাদ্রি বড়ুয়া এবং তায়কোয়ানডো বিভাগের আশিক পিকে। এদের শ্রেণি শিক্ষকের দায়িত্বে ছিলেন সহকারী অধ্যাপক মিসেস ফারহানা বিনতে বারী ও ইংরেজি বিভাগের প্রভাষক মিসেস নেক্সার মৌসুমী। অভিনন্দন সবাইকে।

